

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১২৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৯. সূর্য উপরে থাকতে দু' রাক'আত সালাতের অনুমতি প্রসঙ্গে

باب مَنْ رَخَّصَ فِيهِمَا إِذَا كَانَتْ الشَّمْسُ مُرْتَفِعَةً

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْأَسْوَدِ، وَمَسْرُوقٍ، قَالَا:
نَشْهَدُ عَلَى عَائِشَةَ أَنَّهَا قَالَتْ مَا مِنْ يَوْمٍ يَأْتِي عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا صَلَّى
بَعْدَ الْعَصْرِ رَكْعَتَيْنِ .

– صحيح : ق

বাংলা

১২৭৯। আল-আসওয়াদ ও মাসরুক (রহঃ) সূত্রে বর্ণিত। তারা উভয়ে বলেন, আমরা 'আয়িশাহ্ (রাঃ) সম্পর্কে সাক্ষ্য দিচ্ছি যে, তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দিনই আমার কাছে আসতেন, তখন তিনি 'আসরের পর দু' রাক'আত সালাত আদায় করতেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Al-Aswad and Masruq said:

We bear witness that 'Aishah said: Not a day passed but the Prophet (ﷺ) prayed two rak'ahs after the 'Asr prayer

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : ওয়াজ্জসমূহ, অনুঃ 'আসরের পর ক্বাযা বা অনুরূপ কোন সালাত আদায় করা, হাঃ ৫৯৩), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর করা)।

ইমাম খাত্তাবী (রহঃ) বলেন, এ ব্যাপারে ‘আলিমগণের তিনটি বক্তব্য রয়েছে। (১) কারো কারো মতে এ সময়ে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত আদায় করাটাই ছিল শুধুমাত্র তাঁর জন্যই খাস। (২) কারো মতে সেটি ছিল একদিনের যুহর সালাতের কাযা দু’রাক‘আত সুন্নাত। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন কাজ করলে তা নিয়মিত করে যেতেন, বাদ দিতেন না। তাই তিনি ‘আসরের পর দু’ রাক‘আত সালাত আদায় করতেন, (৩) কারো মতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘আসরের পরে দু’ রাক‘আত সালাত আদায় করেছেন উম্মতকে এই ব্যাপারে সতর্ক করার জন্য যে, ফজর ও ‘আসরের পরে সালাত আদায় করা মাকরুহ, হারাম নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58597>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন